

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২৫.১৯.১৪৩

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭

১১ জুন ২০২০

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

জনাব মো:মঈন উদ্দিন, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কাউনিয়া, রংপুর -এর বিরুদ্ধে কাজেকর্মে চরম গাফিলতি, অনিয়মিত অফিসে আসা যাওয়া, বিলম্বে অফিসে আসা, অনেক গুরুত্বপূর্ণ কাজ ক্যাশ সহকারী ও কম্পিউটার অপারেটরদের দিয়ে করানো, প্রকল্পের কাজে চরম অনীহা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। তাছাড়াও ফোনে তার অবস্থান জানতে চাইলে তিনি মিথ্যা তথ্য দিয়ে থাকেন। এ সকল বিষয়ে জেলা সমন্বয়কারী, রংপুর কর্তৃক তাকে ব্যাখ্যা তলবের নোটিশ প্রদান করার পরও কোন জবাব দেননি মর্মে জেলা সমন্বয়কারী, রংপুর প্রকল্প সদর কার্যালয়কে লিখিতভাবে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অফিস শৃংখলার পরিপন্থী। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে কর্তৃপক্ষ মনে করেন। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

৩. এমতাবস্থায়, প্রকল্পের কাজে চরম গাফিলতির কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে জেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



১১-৬-২০২০

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জনাব মো:মঈন উদ্দিন, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি  
আমার খামার প্রকল্প, কাউনিয়া, রংপুর।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২৫.১৯.১৪৩/১(৭)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭

১১ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, রংপুর।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, রংপুর।
- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর।
- ৭) অফিস নথি।



১১-৬-২০২০

আকবর হোসেন

প্রকল্প পরিচালক